

PRINT

সমকাল

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অবরোধ

ছাত্রলীগের একাংশের সঙ্গে পুলিশের সংঘর্ষ আহত ৮

১০ ঘণ্টা আগে

চবি প্রতিনিধি



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) চার দফা দাবিতে ছাত্রলীগের একাংশের ডাকা অবরোধ চলাকালে পুলিশের সঙ্গে সংঘর্ষে চার কনস্টেবলসহ আটজন আহত হয়েছেন। গতকাল রোববার দুপুরে এ ঘটনা ঘটে। আহতদের বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। এ ঘটনায় ছাত্রলীগের দুই কর্মী আটক হয়েছেন।

আটক হওয়া ছাত্রলীগের দুই কর্মী হলেন- যোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চতুর্থ বর্ষের মোখলেছুর রহমান ও নৃবিজ্ঞান বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী মো. রমজান।

বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারের প্রধান কর্মকর্তা ডা. আবু তৈয়ব সমকালকে বলেন, বেশ কয়েকজন শিক্ষার্থী, পুলিশ ও কর্মচারীকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। তাদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের কর্মচারী জামাল উদ্দীন ও আব্দুল আজিজের শরীরে রাবার বুলেট বিদ্ধ হয়।

এর আগে চার দফা দাবিতে অনির্দিষ্টকালের জন্য অবরোধের ডাক দেয় চবি শাখা ছাত্রলীগের একাংশ। তারা ক্যাম্পাসে উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেলের অনুসারী হিসেবে পরিচিত। তাদের দাবিগুলোর মধ্যে রয়েছে- বিশ্ববিদ্যালয়ের প্রক্টর আলী আজগর চৌধুরী ও হাটহাজারী মডেল থানার ওসি বেলাল উদ্দিন জাহাঙ্গীরের পদত্যাগ, গত ২ এপ্রিল আটক চবি ছাত্রলীগের ছয় কর্মীর নিঃশর্ত মুক্তি ও অস্ত্র মামলা থেকে অব্যাহতি এবং ২০১৫ সাল থেকে এখন পর্যন্ত ছাত্রলীগের নেতাকর্মীদের বিরুদ্ধে করা সব মামলা প্রত্যাহার।

প্রক্টর আলী আজগর সাংবাদিকদের বলেন, ভোর থেকে শিক্ষকদের বহনকারী বাসের চাকা পাংচার, শাটল ট্রেনের লোকো মাস্টারকে (চালক) অপহরণ, ট্রেনের হোসপাইপ কেটে দেওয়া, অনুষদ ভবনের প্রবেশমুখে সুপার গ্লু দিয়ে তালা লাগিয়ে সহিংস আন্দোলন করতে থাকে তারা। এতে শিক্ষকদের বহনকারী বাস ও শাটল ট্রেন চলাচল করতে পারেনি। যার ফলে পুলিশ ব্যবস্থা নিয়েছে।

আটক ছয় ছাত্রের মুক্তির ব্যাপারে তিনি বলেন, পুলিশকে অনুরোধ করেছি তারা যেন দ্রুত যাচাই-বাছাই করে এ মামলা নিষ্পত্তি করে।

ক্লাস-পরীক্ষা স্থগিত : ছাত্রলীগের একাংশের ডাকা অবরোধের কারণে কোনো বিভাগে অনুষ্ঠিত হয়নি ক্লাস। পাশাপাশি এগারোটি বিভাগের পরীক্ষা স্থগিত করা হয়েছে। এদিকে দাবি আদায় না হওয়া পর্যন্ত অবরোধ চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছে ছাত্রলীগের এই পক্ষ।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:
ad.samakalonline@outlook.com